# ছোট শিশুদের পরিবারদের জন্য প্রতিষেধক বা ইমিউনাইজেশনের পথনির্দেশনা

প্রিয় পরিবারবর্গ:

আপনার সন্তানের চাইল্ড কেয়ার, 3K, অথবা প্রি-K -তে ফিরে আসার জন্য আপনি যে কঠোর পরিশ্রম করেছেন আমরা তার স্বীকৃতি জানাই। এমনকি মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ের মত পরিবর্তিত পদ্ধতিতে আপনি যখন আপনার সন্তানকে পুনরায় পাঠানোর জন্য প্রস্তুত হচ্ছেন, আপনার সন্তানের সকল টিকা হালনাগাদ থাকা আবশ্যক।

প্রোগ্রাম পুনরায় খোলার সময় আপনার সন্তান প্রস্তুত রয়েছে তা নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপগুলো সম্পর্কে আপনাকে স্মরণ করিয়ে দেয়া এই নথি বা ডক্যুমেন্টের উদ্দেশ্য। এই গাইডটি আপনার সন্তানের টিকাদানের গুরুত্ব ব্যাখ্যা করবে। আপনার সন্তান যেন স্কুলে অংশগ্রহণ করতে পারে সেজন্য এটা তাকে যথাযথভাবে টিকাদানের জন্য সংস্থান বা রিসোর্সও প্রদান করে। আপনার সন্তান ও অন্যান্যদের নিরাপত্তার জন্য, যদি আপনার সন্তানের আবশ্যক টিকাগুলো না দেয়া হয়ে থাকে এবং/অথবা টিকা দেয়ার জন্য অ্যাপয়েন্টমেন্টে যেতে পারেননি সেটার প্রমাণ না থেকে থাকে, তাহলে সেটা সম্পন্ন না হওয়া পর্যন্ত আপনার সন্তান চাইল্ড কেয়ার প্রোগ্রামে সশরীরে অথবা দূর থেকে শিক্ষা বা রিমোট লার্নিংয়ে অংশগ্রহণ করতে পারবে না। প্রোগ্রামগুলোর নিউ ইয়র্ক গণ-স্বাস্থ্য আইনের অনুবর্তী হওয়া আবশ্যক।

## আপনার কী জানা প্রয়োজন

- প্রতিষেধক বা ইমিউনাইজেশন, যা টিকা (ভ্যাকসিন) অথবা শটস্ নামেও পরিচিত, শিশুদের মারাত্মক ব্যাধির প্রতিরোধে সহায়তা করে, এতে রয়েছে মিসলস, মামপ্স, রুবেলা, হুপিং কফ, এবং চিকেনপক্স। যেসব শিশুকে টিকা দেয়া হয় না তারা এসব ব্যাধি থেকে খুব বেশি অসুস্থ অথবা মৃত্যুবরণ করতে পারে।
- সশরীরে অথবা দূর থেকে শিক্ষা বা রিমোট লার্নিংয়ের প্রথম দিন থেকে 14 দিনের মাঝে আপনার সন্তানের অবশ্যই সকল বাধ্যতামূলক প্রতিষেধকের (ইমিউনাইজেশন) প্রথম ডোজগুলো দেয়া থাকতে হবে। পৃষ্ঠা 3-এ দেয়া বাধ্যতামূলক প্রতিষেধক বা ইমিউনাইজেশনের চার্টটি অনুগ্রহ করে পর্যালোচনা করুন।
- যদি আপনার সন্তানের টিকাগুলো হালনাগাদকৃত না হয়ে থাকে, তাদের অবশ্যই একটি ক্যাচ-আপ সময়সূচিতে থাকতে হবে। আপনাকে সময়সূচি (স্কেজ্যুল) করতে হবে এবং প্রোগ্রাম শুরু হবার 30 ক্যালেন্ডার দিবসের মাঝে প্রতিটি টিকার পরবর্তী ডোজ গ্রহণের জন্য অতিরিক্ত অ্যাপয়েন্টমেন্টের প্রমাণ প্রদান করতে হবে।
- যদি আপনার সন্তান সম্প্রতি অন্য স্টেট থেকে অথবা একটি ভিন্ন দেশ থেকে এসে থাকেন, এবং যদি আপনার সন্তানের মেডিক্যাল রেকর্ড সংগ্রহ করতে সমস্যা হয়ে থাকে, তাহলে কিছু বাড়তি নমনিয়তা থাকতে পারে।

## COVID-19 সংক্রমণ চলাকালে প্রতিষেধক বা ইমিউনাইজেশন গ্রহণ

COVID-19 বিশ্বব্যাপী মহামারী চলাকালে পূর্ববর্তী বছরগুলোর চেয়ে কম শিশুদের টিকা দেয়া হয়েছে। COVID-19 কিছু পরিবারের জন্য ডাক্তারের অ্যাপয়েন্টমেন্ট করাও অনেক কঠিন হয়ে গেছে, যা বহু ছেলেমেয়েকে টিকাদানের সময়সূচিতে পিছে ফেলে দিচ্ছে। যদিও অনেক মেডিক্যাল অফিস পুনরায় খুলেছে, কিন্তু অ্যাপয়েন্টমেন্ট সময়সূচি করতে হয়তো বিলম্ব হচ্ছে এবং অনেক ক্ষেত্রে সেবা প্রদানকারীরা এখনও সশরীরে ভিজিট শুরু করেনি।

যদি আপনি আপনার সন্তানের শিশু ডাক্তারের (পেডিয়াট্রিশিয়ান) সাথে অ্যাপয়েন্টমেন্ট করতে অক্ষম হন অথবা যদি আপনার সন্তানের জন্য একজন প্রাইমারি কেয়ার প্রভাইডার না থেকে থাকে, তাহলে NYC হেলথ্ + হসপিটালস্ -এর পাঁচটি বরোতে ক্লিনিক রয়েছে। তাদের যে কোনো সাইটে 0-18 বছর বয়সী ছেলেমেয়েদের টিকা দেয়া যাবে, বিমা বা ইনস্যুরেন্স অথবা আপনার প্রাইমারি কেয়ার প্রভাইডার যেই হোক না কেন। টিকাগুলো রেকর্ড করা হবে এবং আপনি ও আপনার পেডিয়াট্রিশিয়ানকে প্রদান করা হবে। আরো তথ্যের জন্য অনুগ্রহ করে সংযুক্ত ইংরেজি ফ্লায়ারটি দেখুন (অন্যান্য ভাষার সংস্করণ এখানে পাওয়া যাবে)। দ্রষ্টব্য: এই সাইটগুলোতেও COVID-19 পরীক্ষা পাওয়া যায়। আপনার সন্তানকে কোথায় টিকা দিতে পারবেন সেবিষয়ে তথ্য পেতে আপনি 311 নম্বরেও পাওয়া যাবে।

## ইমিউনাইজেশনের (টিকা) শর্তাবলী

কিছু টিকা একটি সুনির্দিষ্ট সময় পরপর নেয়ার প্রয়োজন হয়না। এই অপেক্ষার সময়কালে আপনার সন্তানকে তার প্রোগ্রামে অংশগ্রহণ করতে দেয়া হবে, যদি:

- যদি আপনার সন্তান স্কুলের জন্য আবশ্যক প্রতিটি টিকার প্রথম ডোজ গ্রহণ করেছে; এবং
- একজন চিকিৎসা সেবাদানকারী পরবর্তী ডোজের জন্যে আপনাকে অপেক্ষা করতে বলেছেন।

টিকার সিরিজের পরবর্তী ডোজগুলো অবশ্যই দিতে হবে অ্যাডভাইজরি কমিটি ইমিউনাইজেশন প্র্যাকটিসেস (ACIP) ক্যাচ-আপ স্কেজ্যুল অনুযায়ী। আপনি 2020-2021 প্রতিষেধক বা ইমিউনাইজেশনের শর্তাবলী ( একাধিক ভাষাতেও পাওয়া যায়) রয়েছে NYCDOE-এর ওয়েবসাইটে, এবং এই নথি বা ডক্যুমেন্টের 3 নং পৃষ্ঠায় পাওয়া যাবে। অতিরিক্তভাবে, আপনি আরো তথ্যের জন্য ACIP প্রতিষেধকের সময়সূচি (ইমিউনাইজেশনের স্কেজ্যুল) দেখতে পারেন।

উদাহরণস্বরূপ, মনে করুন আপনার তিন বছর বয়সী সন্তান একটি প্রোগ্রামে ভর্তি হয়েছে এবং তার শুধুমাত্র এক ডোজ MMR এবং ভেরিসেলা দেয়া হয়েছে। এর অর্থ হচ্ছে আপনার সন্তানকে স্কুল শুরু হবার 14 দিনের মধ্যে এক ডোজ DTap বা DTP, পোলিও, Hep B, Hib, PCV এবং ইনফ্লুয়েঞ্জার টিকা দিতে হবে এবং টিকার অন্য সকল ডোজগুলোর অ্যাপয়েন্টমেন্টের প্রমাণ দেখাতে হবে। কোনো বিকল্প সময়সূচি গ্রহণযোগ্য হবে না। আপনি যদি এই সময়সীমা রক্ষা করতে না পারেন, তাহলে যতদিন পর্যন্ত তারা মেক-আপ সময়সূচির অনুবর্তী হবে অথবা পুরোপুরি প্রতিষেধক প্রাপ্ত (ইমিউনাইজড্) হবে ততদিন তাদের প্রোগ্রামে অংশগ্রহণ করতে পারবে না।

আপনার সন্তানের প্রোগ্রাম তার প্রতিষেধক বা ইমিউনাইজেশন এবং প্রদানের শেষ তারিখ সম্পর্কে আপনার সাথে যোগাযোগ করবে। যদি প্রযোজ্য হয়, তাহলে তারা সতর্কবার্তা এবং প্রোগ্রাম থেকে বাদ দেয়ার চিঠি পাঠাতে পারে।

## স্বাস্থ্যগত ছাড়

যদি আপনার সন্তানের কোনো সুনির্দিষ্ট স্বাস্থ্যগত সমস্যা থেকে থাকে যার কারণে টিকাদান ক্ষতিকারক হতে পারে, তাহলে আপনার সন্তানের ডাক্তারের কাছ থেকে স্বাস্থ্যগত ছাড়ের ফর্মটি পূরণ করতে হবে। **স্বাস্থ্যগত ছাড় বা মেডিক্যাল এক্সেম্পশন অনুরোধের প্রক্রিয়ায়** নিম্নলিখিতগুলো অন্তর্ভুক্ত:

- ছাড়ের অনুরোধটি অবশ্যই নিউ ইয়র্ক স্টেটের লাইসেন্সপ্রাপ্ত একজন চিকিৎসক দ্বারা স্বাক্ষরিত হতে হবে।
- ফর্মটি অবশ্যই একটি NYC (প্রাধান্যপ্রাপ্ত) অথবা NYS-অনুমোদিত ফর্ম হতে হবে (NYC-এর মেডিক্যাল এক্সেম্পশন রিকোয়েস্ট ফর ইমিউনাজেশন ফর্ম-টি এখানে দেখুন)।
- প্রোগ্রাম যে অংশগুলো অবশ্যই পূরণ করবে সেগুলো সহ, এই ফর্মটি অবশই পুরোপুরি পূরণ করতে হবে।

আপনার সন্তানের প্রোগ্রামে ফর্মটি জমা দেয়ার পর, DOHMH দ্বারা পর্যালোচনা করার সময় আপনার সন্তান প্রোগ্রামে উপস্থিত হতে পারবে।

যদি ছাড় বা এক্সেম্পশনের অনুরোধ প্রত্যাখ্যাত হয়, তাহলে আপনার সন্তানকে আবশ্যক টিকাগুলো গ্রহণের জন্য 14 দিন সময় দেয়া হবে (অথবা প্রতেষেধক প্রাপ্তির অন্য অনুমোদিত নথি বা ডক্যুমেন্ট প্রদান করতে হবে)। অন্যথায়, তাকে প্রোগ্রাম থেকে বাদ দেয়া হবে।

## পরিবারদের জন্য বাড়তি রিসোর্স

- টিকা অত্যন্ত নিরাপদ হিসেবে প্রমাণিত হয়েছে। টিকা নিরাপদ এবিষয়ে আরো পড়ুন
- টিকাগ্রহণের (শট্) উদ্বেগ হ্রাস করার জন্য CDC-এর পরামর্শসমূহ
- শিশুদের একই সাথে একাধিক টিকা গ্রহণ করছে তাদের জন্য অতিরিক্ত তথ্য (CDC)